# রামগতি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

(রামগতি ইউ,সি,সি,এ লিঃ)

পোঃ চর আলেকজান্ডার,উপজেলা ঃ রামগতি, জেলা ঃ লক্ষ্মীপুর।

**নির্বাচন কমিটি**

স্মারক নং- নির্বাচন-০১

তারিখ ঃ ২৮/০১/২০২৫খ্রিঃ

এতদ্বারা রামগতি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (রামগতি ইউ,সি,সি,এ লিঃ),রামগতি, লক্ষ্মীপুর এর সকল সদস্য ও সংশ্লিষ্ট অন্যান্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রামগতি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (রামগতি ইউ,সি,সি,এ লিঃ),রামগতি, লক্ষ্মীপুর এর ব্যবস্থাপনা কমিটির ৩০/১২/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত রামগতি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (বিআরডিবি) এর প্রশিক্ষণ হল রুমে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৫ উপলক্ষ্যে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৮(আট) সদস্যের মধ্যে ০১ জন সভাপতি ও ০১ জন সহ- সভাপতি রামগতি ইউ,সি,সি,এ লিঃ, রামগতি, লক্ষ্মীপুর এর সমগ্র নির্বাচনী এলাকার বৈধ প্রতিনিধিদের ভোটে এবং ০৬ (ছয়) জন ব্যবস্থাপনা কমিটির সদস্য ০৬ (ছয়) টি নির্বাচনী এলাকা হতে (নির্বাচনী এলাকা/ ব্লক ১,২,৩,৪, ৫ও ৬) স্ব-স্ব নির্বাচনী এলাকার সদস্য সমিতির বৈধ প্রতিনিধিদের ভোটে নির্বাচিত হবেন। নির্বাচনে অংশগ্রহনে আগ্রহী প্রার্থীগণ রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর সচিব (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা) এর নিকট হতে নির্ধারিত ফি'র বিনিময়ে মনোনয়ন ফরম, অনুমোদিত ভোটার তালিকা সদস্য পরিচয় পত্র ফরম ও প্রতীক চিহ্নের তালিকা সংগ্রহ করতে পারবেন। এতদ ব্যতীত নির্বাচন সংক্রান্ত প্রয়োজনীয় যে কোন তথ্যাদি রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর কার্যালয় এবং নির্বাচন কমিটির সভাপতির নিকট হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

নির্বাচন কমিটির ২৮/০১/২০২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৭ বিধি অনুযায়ী রামগতি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, রামগতি, লক্ষ্মীপুর এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৫ আগামী ০৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরুপ তফসিল ঘোষনা করা হ'ল ঃ

(চলমান পাতা-২)

## নির্বাচনী তফসিল

| ক্রঃনং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন ফরম বিতরণ/ সরবরাহ | রামগতি ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ০৪/০২/২৫ ইং<br>০৫/০২/২৫ ইং<br>০৬/০২/২৫ ইং | সকাল ০৯ টা ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা পর্যন্ত |
| ০২ | মনোনয়নপত্র দাখিল (নির্বাচন কমিটির নিকট) | রামগতি ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ০৯/০২/২৫ ইং | সকাল ০৯ টা ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা |
| ০৩ | মনোনয়ন পত্র বাছাই (নির্বাচন কমিটি কর্তৃক) | রামগতি ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ১১/০২/২৫ ইং | দুপুর ১২.০০ ঘটিকা |
| ০৪ | বৈধ মনোনয়নপত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ (নির্বাচন কমিটি কর্তৃক) | রামগতি ইউসিসিএ লিঃ এর নোটিশ বোর্ড | ১১/০২/২৫ ইং | মনোনয়নপত্র বাছাই শেষে |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত কোন প্রার্থীর মনোনয়নপত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত কোন প্রার্থীর মনোনয়নপত্র বিষয়ে আপীল আবেদন দাখিল। (সমবায় সমিতি বিধিমালা /০৪ এর ২৯(১) বিধি মোতাবেক) | যুগ্ম- নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম। | ১২/০২/২৫ ইং<br>১৩/০২/২৫ইং | অফিস চলাকালীন সময়ে |
| ০৬ | আপীল আবেদনের উপর শুনানী গ্রহন ও সিদ্ধান্ত প্রদান। (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(২) বিধি মোতাবেক) | যুগ্ম- নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম। | ১৬/০২/২৫ ইং<br>১৭/০২/২৫ ইং<br>১৮/০২/২৫ ইং | অফিস চলাকালীন সময়ে |
| ০৭ | বৈধ ও বাতিল প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | রামগতি ইউসিসিএ লিঃ এর নোটিশ বোর্ড | ১৮/০২/২৫ ইং | বিকাল ০৩.০০ ঘটিকা |
| ০৮ | প্রার্থী পদ প্রত্যাহার (প্রার্থী নির্বাচন কমিটির নিকট লিখিত আবেদনের প্রেক্ষিতে) | রামগতি ইউসিসিএ লিঃ এর কার্যালয় | ১৯/০২/২৫ ইং | বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৯ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ (নির্বাচন কমিটি কর্তৃক) | রামগতি ইউসিসিএ লিঃ এর নোটিশ বোর্ড | ১৯/০২/২৫ ইং | বিকাল ০৩.০০ ঘটিকা |
| ১০ | প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীর মধ্যে প্রতীক বরাদ্দ ও চুড়ান্ত তালিকা প্রকাশ।(নির্বাচন কমিটি কর্তৃক) | রামগতি ইউসিসিএ লিঃ এর নোটিশ বোর্ড | ২৩/০২/২৫ইং | বিকাল ০৩.০০ ঘটিকা |
| ১১ | ভোট গ্রহণ | রামগতি ইউসিসিএ লিঃ (বিআরডিবি) প্রশিক্ষণ হল। | ০৬/০৩/২৫ ইং | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ১২ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষনা | রামগতি ইউসিসিএ লিঃ (বিআরডিবি) প্রশিক্ষণ হল। | ০৬/০৩/২৫ ইং | ভোট গণনা শেষে |

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় ঃ

০১। প্রার্থীর মনোনয়নপত্র বিতরণ, দাখিল, বাছাই, প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ, প্রার্থীপদ প্রত্যাহার, চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতিদ্বন্দ্বী প্রাথীদের মধ্যে প্রতীক বরাদ্দ সংক্রান্ত যাবতীয় কাজ রামগতি ইউ,সি,সি,এ লিঃ , রামগতি, লক্ষ্মীপুর এর কার্যালয়ে, বাছাই অন্তে প্রাথমিক বৈধ তালিকায় অন্তর্ভূক্ত বা বাদপড়া কোন প্রার্থীর মনোনয়নপত্রের বিষয়ে আপত্তি বা আপীল আবেদন দাখিল, আপীল শুনানী ও সিদ্ধান্ত প্রদান যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ে এবং বিশেষ সাধারণ সভায় নির্বাচন ও ভোট গ্রহন ০৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখে রামগতি ইউসিসিএ লিঃ (বিআরডিবি) ভবন এর প্রশিক্ষণ হল, রামগতি, লক্ষ্মীপুরে অনুষ্ঠিত হবে।

০২। নির্বাচনী তফসিল মোতাবেক রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর কার্যালয় হতে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতীত অন্য কোন প্রকার মনোনয়নপত্র বা উহার ফটোকপি গ্রহনযোগ্য হবে না।

০৩। রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর ০৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি,সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিনিধিকে ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি এবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা /উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(চলমান পাতা-৩)

০৪। সদস্য সমিতি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি/প্রতিনিধির নিকট নির্ধারিত ছকে সদস্য সমিতি কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্র থাকতে হবে। পরিচয় পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত ও জেলা /উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং তাতে সমিতির সীল মোহর অবশ্যই থাকতে হবে।

০৫। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রার্থী সমবায় সমিতি আইন/০১(সংশোধিত-০২ ও ১৩) এর ১৯(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে এবং উহা সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত এবং জেলা /উপজেলা সমবায় অফিসার কর্তৃক নামসহ সীল ব্যবহার পূর্বক প্রতিস্বাক্ষরিত থাকতে হবে।

০৬। মনোনয়নপত্র নির্ভূলভাবে পূরণকরতঃ তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং জেলা /উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং তাতে সমিতির সীল মোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্যকোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহনযোগ্য হবে না।

০৭। মনোনয়ন পত্রের সঙ্গে (ক) মনোনয়ন সংক্রান্ত সমিতির সিদ্ধান্তের সত্যায়িত ও প্রতিস্বাক্ষরিত অনুলিপি, (খ) প্রতিনিধির পরিচয় পত্রের কপি সংযোজন করতে হবে এবং মনোনয়ন পত্রে চাহিত প্রতীকের নাম এবং অন্যান্য তথ্যাদি যথাযথভাবে উল্লেখ করতে হবে। ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক মনোনয়নপত্র সংগ্রহের সময় নির্ধারিত ফি প্রদান করতঃ মূল রশিদ মনোনয়ন পত্রের সংগে সংযুক্ত করতে হবে। মনোনয়নপত্রের ফটোকপি গ্রহনযোগ্য হবে না।

০৮। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্ধারিত ফরমে পরিচয় পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার রেজুলেশনের সত্যায়িত কপি নির্বাচন কমিটিকে দেখাতে হবে। ক্ষমতা প্রদানের রেজুলেশনের অনুলিপি রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর এলাকা পরিদর্শক কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। ভোট প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৮৭ ও ৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

০৯। একই সমিতি/ প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১০। মনোনয়নপত্র অসম্পূর্ণ, ঘষামাজা কিংবা ফ্লুইড দেওয়া, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গন্য হবে।

১১। অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহন বা ভোট প্রদান করতে পারবে না।

১২। সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত -২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ পূর্বক নির্বাচন কার্যক্রম পরিচালিত হবে।

১৩। নির্বাচন সংক্রান্ত যে কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

১৪। ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সভাপতি পদে ৮০০০ (আট হাজার) টাকা,সহ-সভাপতি পদে ৩০০০ (তিন হাজার) টাকা ও সদস্য পদে ২০০০ (দুই হাজার) টাকা মনোনয়নপত্রের মূল্য (অফেরৎযোগ্য) রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর নামীয় অগ্রনী ব্যাংক লিঃ, আলেকজান্ডার, রামগতি শাখায় সঞ্চয়ী হিসাব নং- ০২০০০০৮০৯২২১৯ তে জমা দিয়ে জমার রশিদ প্রদর্শন পূর্বক মনোনয়নপত্র নির্ধারিত সময়ে রামগতি ইউ,সি,সি,এ লিঃ এর কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে এবং জমার রশিদের মূলকপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

১৫। প্রতিদ্বন্দ্বি প্রার্থী নিম্নোক্ত প্রতীক সমূহ মনোনয়ন পত্রে উল্লেখ করতে পারবেন।
- ক) সভাপতি পদেঃ ছাতা,চেয়ার,আনারস, সাইকেল ,দেয়াল ঘড়ি।
- খ) সহ-সভাপতি পদেঃ গোলাপ ফুল, মোমবাতি, হারিকেন, দোয়াত কলম ।
- গ) সদস্য পদেঃ আম,বই ,তলোয়ার, মাছ ,কুড়াল, তালা চাবি, মই, মোরগ, কলস, হাতপাখা।

২৪/১/২৫

(মোঃ জাকির হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
রামগতি ইউ,সি,সি,এ লিঃ
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,রামগতি,
লক্ষ্মীপুর।

(মুহাম্মদ মোছলেহ উদ্দিন)
সদস্য
নির্বাচন কমিটি
রামগতি ইউ,সি,সি,এ লিঃ
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয় ,লক্ষ্মীপুর।

২৪/০১/২০২৫

(মুহাম্মদ মিজানুর রহমান)
সভাপতি
নির্বাচন কমিটি
রামগতি ইউ,সি,সি,এ লিঃ
ও
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
রামগতি,লক্ষ্মীপুর।

(চলমান পাতা-৪)

স্মারক নং- নির্বাচন-০৯ তারিখ ঃ ২৮/০১/২০২৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সভাপতি, রামগতি ইউ,সি,সি,এ লিঃ, রামগতি, লক্ষ্মীপুর।

০২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সচিব, রামগতি ইউ,সি,সি,এ লিঃ, রামগতি, লক্ষ্মীপুর। তাঁকে সংশ্লিষ্ট সদস্য সমিতিকে সদস্যদের পরিচয় পত্রের ফরম সহ নির্বাচনী তফসিলটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল। তাছাড়া আগ্রহী ব্যক্তিদের নিকট মনোনয়নপত্রের ফরম,পরিচয়পত্র,ভোটার তালিকা, তফসিলে বর্ণিত নিয়ম অনুযায়ী বিতরণ করতে হবে।

০৩। জনাব ...................................,সদস্য,নির্বাচন কমিটি, রামগতি ইউ,সি,সি,এ লিঃ।

০৪। উপজেলা সমবায় অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।

০৬। উপ-পরিচালক, বিআরডিবি, লক্ষ্মীপুর।

০৭। জেলা সমবায় অফিসার, লক্ষ্মীপুর।

০৮। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৯। নোটিশ বোর্ড।

১০। অফিস নথি।

২৮/০১/২০২৫

(মুহাম্মদ মিজানুর রহমান)
সভাপতি
নির্বাচন কমিটি
রামগতি ইউ,সি,সি,এ লিঃ
ও
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,
রামগতি,লক্ষ্মীপুর।

২৮/১/২০২৫